ঘ) বীরাঙ্গনা কাব্যের 'নীলধ্বজের প্রতি জনা' পত্রে জনার বিদ্রোহিনী নারীসত্তার স্বরূপটি নিজের ভাষায় আলোচনা করো।

---





# ২০২৪
# বাংলা
## (অনার্স)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## চতুর্থ সেমেস্টার
## কোর্স কোড : BNGH-CC-T-9
## (কাব্যের রূপভেদ, কাব্য ও কবিতাপাঠ)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*
*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) মহাকাব্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

খ) 'পিতৃ-মাতৃ-হীন পুত্রে পালিবেন পিতা' — পুত্রকে 'পিতৃ-মাতৃ-হীন' বলা হয়েছে কেন?

গ) কোন্ পত্রিকার মাধ্যমে ইংরেজি সাহিত্যে প্রথম গীতিকবিতার সূচনা হয়? পত্রিকাটির সম্পাদকদ্বয়ের নাম কী?

ঘ) 'নাহি জ্ঞান, নাহি সাড়া' — কবি একথা কার সম্পর্কে, কেন বলেছেন?

ঙ) শোক কাব্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

(পরের পাতায়)

চ) ‘ক্ষত্রধর্ম, ক্ষত্রকর্ম, সাধ ভুজবলে’ — কে, কাকে কোন্ ‘ক্ষত্রধর্ম’ পালনের কথা বলেছেন?

ছ) ‘নবনীর সর ছাঁকা, সুন্দর শরত-রাকা’ — ‘নবনী’ ও ‘রাকা’ শব্দের অর্থ লেখো।

জ) ‘জানি না এসেছিল, কেমন পথ ধরে’ — কে কোথায় এসেছিল?

ঝ) কবির নামসহ একটি বাংলা ও একটি ইংরেজি মহাকাব্যের নাম লেখো।

ঞ) ‘দেহ ভিক্ষা তারে’ — কে, কার কাছে, কী ‘ভিক্ষা’ চেয়েছেন?

ট) ‘অমনি রাধার আত্মা দ্রুত গেল চলি,’ — রাধার আত্মা কোথায়, কেন দ্রুত চলে গেল?

ঠ) ‘এই মন্ত্র, এই দীক্ষা, এই জপ অবিরত’ — কবি অবিরত কোন্ মন্ত্র জপ করার কথা বলেছেন?

ড) ‘অবশ্য ভুঞ্জিবে এ কর্মের প্রতিফল’ — কে, কাকে, কোন্ ‘কর্মের প্রতিফল’ ভোগ করার কথা বলেছেন?

ঢ) ‘কৃতঘ্ন মা বঙ্গভূমি’ — কবি বঙ্গভূমিকে ‘কৃতঘ্ন’ বলেছেন কেন?

ণ) ‘চির-অভাগিনী আমি’ — বক্তা নিজেকে ‘অভাগিনী’ বলেছেন কেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) উদাহরণসহ স্তোত্রকবিতার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।



খ) ‘কামীর কুরীতি এই শুনেছি জগতে’ — প্রসঙ্গ আলোচনাপূর্বক উক্তিটি ব্যাখ্যা করো।

গ) একটি বাংলা পত্রকাব্যের বিচারসহ পত্রকাব্যের বৈশিষ্ট্য আলোচনা করো।

ঘ) ‘ফলিবে এমন রত্ন? ফলিবে কি আর?’ — ‘রত্ন’ প্রসঙ্গে কবির মনোভঙ্গি বিচার করো।

ঙ) ‘জগতে কিছুই নাই উহার মতন’ — উক্তির আলোকে ‘উহা’র বিস্তৃত পরিচয় দাও।

চ) ‘কুলের পিঞ্জর ভাঙ্গি, কুল-বিহঙ্গিনী উড়িল পবনপথে’ — উক্তিটির মাধ্যমে বক্তার প্রেম কীভাবে বিদ্রোহে রূপান্তরিত হয়েছে, তার স্বরূপ আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) উদাহরণসহ সনেট এর বৈশিষ্ট্যগুলি বিস্তৃত আলোচনা করো।

খ) ঊনবিংশ শতাব্দীর গীতিকবিতার পরিমণ্ডলে ‘ঐ মহাসিন্ধুর ওপার থেকে’ কবিতায় দ্বিজেন্দ্রলাল রায় এর গীতিকবি ও গীতিকার সত্তার যে অপূর্ব মেলবন্ধন ঘটেছে, তা যুক্তিসহ বিশ্লেষণ করো।

গ) ‘গানের মত মোর প্রাণে কি উঠে ফুটি’ — এই পংক্তির আলোকে ‘শ্রাবণে’ কবিতাটি গীতিকবিতা হিসাবে কতখানি সার্থক হয়ে উঠেছে, সেটি নিজের ভাষায় আলোচনা করো।



(পরের পাতায়)